তথ্যবিবরণী নম্বর-১৬

**'দুর্নীতিমুক্ত ও বৈষম্যহীন সমাজ গড়তে জুলাই আন্দোলনের চেতনাকে ধারণ করতে হবে**
**- রুয়েট উপাচার্য**

রাজশাহী, ৩১ আষাঢ় (১৫ জুলাই):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক বলেছেন, দুর্নীতিমুক্ত ও বৈষম্যহীন সমাজ গড়তে জুলাই আন্দোলনের যে চেতনা ও উদ্দেশ্য তা ধারণ করতে হবে। আজ মঙ্গলবার (১৫ জুলাই) বিশ্ববিদ্যালয় হলরুমে আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জুলাই আন্দোলনে শহিদদের আত্মার মাগফেরাত কামনাসহ আন্দোলনে আহত ও অংশগ্রহণকারীদের শ্রদ্ধার সাথে স্মরণ করে উপাচার্য বলেন, আন্দোলন হলেই বিজয় আসে না। গত দেড় দশক ধরে আমরা দেখেছি, কথা বলতে না দেয়ার সংস্কৃতি। কর্তৃত্ববাদী সরকারকে সরানো সম্ভব হচ্ছিলো না কারণ, ছাত্র-জনতার যে ক্ষোভ তা সংগঠিত করা সম্ভব হচ্ছিল না। ক্ষোভগুলোকে সংগঠিত করার জন্য যে নেতৃত্বের দরকার ছিল, তার ঘাটতি ছিল। তবে ছাত্র-জনতার আন্দোলনের মধ্য দিয়ে নেতৃত্বের সেই ঘাটতি পূরণ হয়। তাদের বীরত্বের মাধ্যমেই আমরা অর্জন করেছি এই বিজয়।

রুয়েটের 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' আয়োজক কমিটির সভাপতি ও ছাত্র কল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডীন, সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণসহ শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

এর আগে সকাল সাড়ে দশটায় উপাচার্য রুয়েটের প্রশাসনিক ভবন প্রাঙ্গনে 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' শীর্ষক অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। উদ্বোধন শেষে জুলাই আন্দোলনের আলোকচিত্র প্রদর্শনী ও ২৪ জুলাই গণহত্যা বিষয়ক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

.......................................................................
স্মিতা/তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৫/১৭:৩০ঘ